তারিখ 22 JAN 2016
পৃষ্ঠা ১০ কলাম 2

সংবাদ

বুয়েট শিক্ষক সমিতির নির্বাচন

# নীরেন্দ্র-আলীম পরি. নিরঙ্কুশ বিজয়

**প্রতিনিধি, রাজশাহী**

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) শিক্ষক সমিতির দ্বি-বার্ষিক নির্বাচনে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী নীরেন্দ্র-আলীম প্যানেল সংখ্যাগরিষ্ঠ পদে জয়লাভ করেছে। দীর্ঘ পাঁচ বছর অনুষ্ঠিত নির্বাচনে গত মঙ্গলবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত বুয়েটের হিট ইঞ্জন ল্যাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। দুপুর ২টায় ফলাফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার ইলেকট্রনিক অ্যান্ড কম্পিউটার সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম শেখ। এতে নীরেন-আলীম প্যানেল ১১টি পদের মধ্যে ১০টিতে বিপুল ভোটে বিজয়ী হয়েছেন। প্রতিপক্ষ মফিজ-রাজ্জাক প্যানেলে কেউ বিজয়ী হননি। তবে যুগ্ম সাধারণ সম্পাদক পদে স্বতন্ত্র প্রার্থী হিসেবে ইলেকট্রনিক অ্যান্ড ইলেকট্রিক্যাল বিভাগের ড. মো. ফারুক হোসেন জয়লাভ করেছেন।

নির্বাচনে সভাপতি পদে যন্ত্রকৌশল অনুষদের ডীন নীরেন্দ্র নাথ মুস্তাফী ৮৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী সৈয়দ আব্দুল মফিজ পেয়েছেন ৬৯ ভোট। সাধারণ সম্পাদক পদে প্রকৌশল বিভাগের মো. আব্দুল আলীম ৭১ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার প্রতিদ্বন্দ্বী ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক বিভাগের এসএম আব্দুর -রাজ্জাক এবং গ্লাস অ্যান্ড সিরামিক বিভাগের মো. শামীমুর রহমান পেয়েছেন যথাক্রমে ৫৫ ও ২৭ ভোট।

অন্য প্রদে বিজয়ীরা হচ্ছেন, সহ-সভাপতি প্রকৌশল বিভাগের এন এইচ এম কামরুজ্জামান. সরকার, যুগ্ম-সম্পাদক ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক বিভাগের মো. ফারুক হোসেন, কোষাধ্যক্ষ ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক বিভাগের মো. রবিউল ইসলাম এবং ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের মো. ফিরোজ আলী, ,নির্বাহী সদস্য কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মো. নজরুল ইসলাম মন্ডল, প্রকৌশল বিভাগের মো. রবিউর আউয়াল, যন্ত্রকৌশল বিভাগের মো. জগলুল সাদাত, গণিত বিভাগের মো. আব্দুর রাজ্জাক এবং পদার্থবিজ্ঞান বিভাগের মো. তানভীর করিম।